

## SME বোর্ড কি?

ওভার দ্যা কাউন্টার (OTC) মার্কেটে Annexure A1 এর অধীনে লিস্টেড সকল কোম্পানিকে স্মল ক্যাপিটাল প্ল্যাটফর্মে স্থানান্তর করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন। এখন স্মল ক্যাপিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জের ওভার দ্যা কাউন্টারে থাকা লিস্টেড কোম্পানিগুলো তাদের ট্রেড কার্যক্রম এবং প্রয়োজনীয় তহবিল গঠন করতে পারবে কোয়ালিফাইড ইনভেস্টর অফার (QIO) দ্বারা SME প্ল্যাটফর্ম থেকে। অর্থাৎ যেসকল কোম্পানি OTC মার্কেট ছিল এখন সেগুলো লেনদেন হবে SME প্ল্যাটফর্ম এ।

## SME বোর্ডে কিভাবে রেজিস্ট্রেশন করতে হবে?

স্মল ক্যাপিটাল প্ল্যাটফর্ম অথবা SME বোর্ডে লেনদেন করার জন্য কিছু শর্ত ধারণ করা হয়েছে।

সেকেন্ডারি মার্কেটে একজন বিনিয়োগকারীর নূন্যতম ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকার ম্যাচিউরড শেয়ার থাকতে থাকতে হবে। এইখানে কস্ট প্রাইস এবং মার্কেট প্রাইসের মধ্যে সর্বোচ্চ যেটি থাকবে সেটি গণ্য করা হবে।

প্রতি কোয়ার্টারের শেষ দিনে ত্রিশ লক্ষ টাকার ম্যাচিউরড শেয়ার থাকতে হবে যার ফলে উক্ত ব্যক্তিকে পরবর্তী কোয়ার্টারের জন্য QI হিসেবে বিবেচিত করা হবে।

**যেমন: মার্চ ৩১ এর মধ্যে ত্রিশ লক্ষ টাকার ম্যাচিউরড শেয়ার থাকলে পরবর্তী ৩ মাসের জন্য আপনি QI হিসাবে বিবেচিত হবে।**

এই শর্ত পূরণ করা হলে এরপর আপনি আইপিও আবেদন করতে পারবেন। ইলেক্ট্রনিক সাবস্ক্রিপশন সিস্টেম (www.essbangladesh.com) এর ওয়েবসাইট থেকে "QI Registration" বাটনে ক্লিক করুন। দ্বিতীয় ধাপে "New Registration" বাটন ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে সেটাপ করুন। এরপর "Re-print" বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম ডাউনলোড করুন এবং সেটি ঢাকা স্টক এক্সচেঞ্জ এর নিকুঞ্জ অফিস অথবা রয়্যাল ক্যাপিটাল লিমিটেড এর সিডিবিএল ডিপার্টমেন্টে জমা দিতে হবে।

বিস্তারিত জানতে "Download" বাটনে ক্লিক করুন।

## SME বোর্ডে আইপিও আবেদন করার নিয়মাবলী

স্মল ক্যাপিটাল প্ল্যাটফর্ম অথবা SME মার্কেটে আইপিও আবেদন করার কোয়ালিফাইড ইনভেস্টরদের যেসকল শর্ত পূরণ করতে হবে:

- সেকেন্ডারি মার্কেটে ত্রিশ লক্ষ টাকার (কস্ট/মার্কেট প্রাইসের মধ্যে সর্বোচ্চ বিবেচিত) ম্যাচিউরড শেয়ার যে কোডে আছে তার একটি প্রিন্টেড কপি
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- বিও একনলেজমেন্ট স্টেটমেন্ট
- চেকের পাতা অথবা ব্যাংক স্টেটমেন্ট

## উল্লেখ্য:

- জয়েন্ট এবং কোম্পানি একাউন্ট SME মার্কেটে কোলাইফাইড ইনভেস্ট হিসেবে বিবেচিত নয়
- রেজিস্ট্রেশন সম্পূর্ণ ফ্রি

বিস্তারিত জানতে "Download" বাটনে ক্লিক করুন।